

ব্লাডমাউথ ক্লাবের রবীন্দ্রমুখী উৎসবের সমাপ্তি অনুষ্ঠান

সুস্থ সংস্কৃতির বিকাশে ক্লাবগুলির ভূমিকা রয়েছে : মুখ্যমন্ত্রী

সমাজ বা কোন এলাকার উন্নয়নে সুস্থ সাংস্কৃতিক পরিমন্ডল প্রয়োজন। সুস্থ সংস্কৃতির বিকাশে ক্লাবগুলির ভূমিকা রয়েছে। আজ আগরতলা মুক্তধারা অডিটোরিয়ামে ব্লাডমাউথ ক্লাবের বিএমসি কালচারেল একাডেমি আয়োজিত রবীন্দ্রমুখী উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, সুস্থ সংস্কৃতি সুস্থ সমাজ ব্যবস্থার জন্ম দেয়। তিনি আরও বলেন, বর্তমানে সারা রাজ্যে শান্তির পরিবেশ বিরাজমান। এখন ক্লাবগুলি একে অপরের সাথে বন্ধুত্বের সম্পর্ক নিয়ে চলছে। বিগত দিনে যা দেখা যেতনা।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, ক্লাবের কর্মসূচির মাধ্যমে সমাজের মানুষের জন্য কাজ করার সুযোগ রয়েছে। তাই সংশ্লিষ্ট এলাকার সমস্যা নিরসনে ক্লাবগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। ক্লাব চালাতে গিয়ে বিভিন্ন মতাদর্শের মানুষ থাকবে, কিন্তু নিরপেক্ষ থেকে সবার জন্য কাজ করতে হবে। মুখ্যমন্ত্রী রবীন্দ্রনাথ ঠাকুরের প্রসঙ্গে বলতে গিয়ে বলেন, ভারত এবং বাংলাদেশের জাতীয় সঙ্গীত রবীন্দ্রনাথ ঠাকুরের রচনা থেকে নেওয়া। বাংলাদেশের সঙ্গে ভারতের বিশেষ করে ত্রিপুরার আত্মিক যোগ রয়েছে। বাংলাদেশের সঙ্গেও ত্রিপুরার সম্পর্ক আরও দৃঢ় হয়ে উঠছে। সারুমের মৈত্রী সেতু বাংলাদেশের সঙ্গে আমাদের রাজ্যের যোগাযোগ ব্যবস্থা আরও উন্নত করবে। মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান রাজ্য সরকার নেশার বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি নিয়ে চলছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ব্লাডমাউথ ক্লাবের সম্পাদক দেবশিস (সেবক) ভট্টাচার্য। এছাড়াও বক্তব্য রাখেন বাংলাদেশের প্রখ্যাত বাচিক শিল্পী কাজি মেহতাব সুমন। উপস্থিত ছিলেন ক্লাবের সভাপতি বিমল রায় চৌধুরী।